

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৯২.১৩-৩০২

তারিখঃ ২৬-০৭-২০১৬ খ্রিঃ

প্রেরকঃ মোঃ নুরুল ইসলাম
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।

প্রাপকঃ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
নান্দাইল, ময়মনসিংহ।

বিষয়ঃ জনাব এ কে এম খোরশেদ আলম খান, প্রাক্তন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (অবঃ), নান্দাইল, ময়মনসিংহ-
এর অনুকূলে এককালীন আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরি।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার প্রাক্তন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব এ কে এম খোরশেদ আলম খান গত ১৭-০৫-২০১৪ খ্রিঃ তারিখে সরকারী চাকরি হতে অবসর গ্রহণ করেন। তাঁর এককালীন আনুতোষিক ও মাসিক অবসরভাতা নির্ধারিত পেনশন ফরমে (ফরম-২.১) যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করেছে।

২। জনাব এ কে এম খোরশেদ আলম খান-এর মাসিক মূলবেতন ২৩,৪০০/- টাকা এবং ২০% মহার্ঘভাতা হিসেবে ৪,৬৮০/-টাকা নির্ধারিত হয়েছে। সে হিসেবে তার মোট বেতন (২৩,৪০০+৪,৬৮০)=২৮,০৮০/- টাকা। উক্ত টাকার ৮০% হিসেবে অবসর ভাতা ২২,৪৬৪/-টাকা। উহার ১ম অর্ধাংশের ১১,২৩২/- টাকার প্রতি টাকার বিপরীতে ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা হারে (১১,২৩২×২৩০)=২৫,৮৩,৩৬০/- টাকা এবং ২য় অর্ধাংশ ১১,২৩২/- টাকা মাসিক অবসরভাতা হিসেবে প্রাপ্য। তবে, মোটর সাইকেলের মূল্য বাবদ সরকারের পাওনা ৬১,১৮০.৫৬ টাকা তাঁর এককালীন আনুতোষিক হতে কর্তনযোগ্য।

৩। এমতাবস্থায়, তিনি এককালীন আনুতোষিক বাবদ (২৫,৮৩,৩৬০.০০ - ৬১,১৮০.৫৬)=২৫,২২,১৭৯.৪৪ (পঁচিশ লক্ষ বাইশ হাজার একশত উনাশি টাকা চুয়াল্লিশ পয়সা) টাকা এবং ২য় অর্ধাংশ ১১,২৩২/- (এগার হাজার দুইশত বত্রিশ) টাকা হারে মাসিক অবসরভাতা প্রাপ্য।

৪। তাঁর অনুকূলে বিধি মোতাবেক পরিশোধ আদেশ (পিপিও) জারী করার জন্য নিম্নের কাগজপত্র এতৎসঙ্গে প্রেরণ করা হলোঃ

১	পেনশন ফরম ২.১ (ছবিসহ)	০১ (এক) সেট
২	হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১ (এক) পাতা
৩	ইএলপিসি (সংযোজনী-১)	০১ (এক) পাতা
৪	লাম্প গ্র্যান্ট মঞ্জুরির কপি	০১ (এক) পাতা
৫	পিআরএল মঞ্জুরির প্রজ্ঞাপন	০১ (এক) পাতা
৬	নমুনা স্বাক্ষর হাতের পাঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)	০১ (এক) পাতা
৭	না-দাবী প্রত্যয়ন পত্র (সংযোজনী-৮)	০২ (দুই) পাতা
৮	অংগীকারনামা	০১ (এক) পাতা
৯	বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	০১ (এক) পাতা
১০	বিভিন্ন কর্মস্থলের চাকরি বিবরণী	০১ (এক) পাতা
১১	চাকরি বিবরণী	০৫ (পাঁচ) পাতা
১২	শেষ বেতনের প্রত্যয়নপত্র	০৪ (চার) পাতা


৫। পিপিও জারীপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হল।

অঃপঃদঃ/২

৬। ভবিষ্যতে তার কাছে কোন সরকারি পাওনার দাবী উত্থাপিত হলে তিনি তা বিধি মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবেন।

সংযুক্তঃ বর্ণনামতে

আপনার কিস্ত



(মোঃ নূরুল ইসলাম)


সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৯২.১৩-৩০২/১(৭)

তারিখঃ ২৬-০৭-২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা (এতে তাঁর ০৭-০৪-২০১৬ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.১২৭.১০-৩৪৪ এবং ১৩-০৬-২০১৬ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.১২৭.১০-৫৪৮ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)।
- ২। উপসচিব (অডিট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ।
- ৭। জনাব এ কে এম খোরশেদ আলম খান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (অবঃ), নান্দাইল, ময়মনসিংহ (বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ ৩৬/২, কাজিবাড়ী পুকুরপাড়, গৌরিপুর, শেরপুর টাউন, শেরপুর)।



(মোঃ নূরুল ইসলাম)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।